# *নিয়োগ বিজ্ঞপ্তি*

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা হিসেবে ২০০০ সন থেকে কমিউনিটি চালিত উন্নয়ন (সিডিডি) প্রক্রিয়ার মাধ্যমে গ্রামীণ দারিদ্র বিমোচনে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় *"সাসটেইন্যাবল কোস্টাল অ্যান্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট (এসসিএমএফপি)"* নামক একটি ৫ বছর মেয়াদী প্রকল্প বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্পের ১,২ এবং ৪ নং কম্পোনেন্ট তিনটি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হচ্ছে এবং কম্পোনেন্ট-৩ এসডিএফ কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। এসডিএফ *"সাসটেইন্যাবল কোস্টাল অ্যান্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট (এসসিএমএফপি)" এর* কম্পোনেন্ট-৩ অর্থাৎ ***"কমিউনিটি এমপাওয়ারমেন্ট অ্যান্ড লাইভলিহুডস"*** -এর আওতায় উপকূলীয় জেলাসমূহের নির্বাচিত গ্রামে প্রকল্পভুক্ত কর্মকাণ্ড সিডিডি প্রক্রিয়া অনুসরণে বাস্তবায়ন করছে। *"সাসটেইন্যাবল কোস্টাল অ্যান্ড মেরিন ফিসারিজ প্রজেক্ট (এসসিএমএফপি)" এর* কম্পোনেন্ট-৩ বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত পদসমূহে লোক নিয়োগকল্পে সৎ ও যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| *ক্র: নং (১)* | *পদের নাম (২)* | *শিক্ষাগত যোগ্যতা ও বয়স (৩)* | *অভিজ্ঞতা (সংক্ষিপ্ত) (৪)* | *পদ সংখ্যা (৫)* |
|---|---|---|---|---|
| ১ | *আইসিবি স্পেশালিস্ট* | সামাজিক বিজ্ঞান/ উন্নয়ন গবেষণা অথবা সংশ্লিষ্ট কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।<br>*বয়স: সর্বোচ্চ ৪৮ বছর।* | সংশ্লিষ্ট কার্যক্রমে ন্যূনতম ১০ বছর চাকরির অভিজ্ঞতা। তন্মধ্যে সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত /দারিদ্র দূরীকরণ কর্মসূচি/দাতা সংস্থা কর্তৃক পরিচালিত প্রকল্পে ক্যাপাসিটি বিল্ডিং কার্যক্রমে ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ০১ |
| ২ | *ফিসারিজ অ্যান্ড লাইভলিহুডস্ স্পেশালিস্ট* | মৎস্য/ কৃষি অথবা সংশ্লিষ্ট কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।<br>*বয়স: সর্বোচ্চ ৪৮ বছর।* | সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১০ বছর চাকরির অভিজ্ঞতা। তন্মধ্যে সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত/দারিদ্র দূরীকরণ কর্মসূচি/দাতা সংস্থা কর্তৃক পরিচালিত প্রকল্পে মৎস্যজীবী সম্প্রদায়ের জীবিকা উন্নয়ন কার্যক্রমে ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ০১ |
| ৩ | *টেকনিক্যাল অ্যান্ড এনভায়রনমেন্ট স্পেশালিস্ট* | সিভিল ইঞ্জিনিয়ারিং-এ বিএসসি ডিগ্রী।<br>*বয়স: সর্বোচ্চ ৪৮ বছর।* | অবকাঠামো উন্নয়ন কার্যক্রমে ন্যূনতম ১০ বছর চাকরির অভিজ্ঞতা। তন্মধ্যে সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত/দারিদ্র দূরীকরণ কর্মসূচি/দাতা সংস্থা কর্তৃক পরিচালিত প্রকল্পে সিডিডি এ্যাপ্রোচে গ্রামীণ ক্ষুদ্র অবকাঠামো উন্নয়ন কার্যক্রমে কমপক্ষে ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ০১ |
| ৪ | *কমিউনিটি ফাইন্যান্স স্পেশালিস্ট* | হিসাব বিজ্ঞান/ ব্যবস্থাপনা/ সামাজিক বিজ্ঞান অথবা সংশ্লিষ্ট কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।<br>*বয়স: সর্বোচ্চ ৪৮ বছর।* | মাইক্রো ফাইন্যান্স কার্যক্রমে ন্যূনতম ১০ বছর চাকরির অভিজ্ঞতা। তন্মধ্যে সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত/দারিদ্র দূরীকরণ কর্মসূচি/ দাতা সংস্থা কর্তৃক পরিচালিত প্রকল্পে সিডিডি এ্যাপ্রোচে মাইক্রো ফাইন্যান্স ব্যবস্থাপনা কার্যক্রমে কমপক্ষে ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ০১ |
| ৫ | *ইয়ুথ অ্যান্ড এমপ্লয়মেন্ট স্পেশালিস্ট* | সামাজিক বিজ্ঞান/অর্থনীতি/ পরিসংখ্যান অথবা সংশ্লিষ্ট কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।<br>*বয়স: সর্বোচ্চ ৪৮ বছর।* | সংশ্লিষ্ট কার্যক্রমে ন্যূনতম ১০ বছর চাকরির অভিজ্ঞতা। মানব উন্নয়ন শাখায় বিশেষত যুব কর্মসংস্থান উদ্বুদ্ধকরণের সাথে কমপক্ষে ৫ বছর সরাসরি কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ০১ |
| ৬ | *মনিটরিং স্পেশালিস্ট* | অর্থনীতি/পরিসংখ্যান/ ব্যবসায় প্রশাসন অথবা সংশ্লিষ্ট কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।<br>*বয়স: সর্বোচ্চ ৪৮ বছর।* | উন্নয়ন গবেষণা শাখায় ন্যূনতম ১০ বছর চাকরির অভিজ্ঞতা। তন্মধ্যে কমপক্ষে ৫ বছর সরকারি/বেসরকারি/ স্বায়ত্তশাসিত/ দারিদ্র দূরীকরণ কর্মসূচি/ দাতা সংস্থা কর্তৃক পরিচালিত দারিদ্র বিমোচন প্রকল্পে নিয়ন্ত্রন ও মূল্য নির্ধারণ কার্যক্রমে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। | ০১ |
| ৭ | *ফিশারিজ কো ম্যানেজমেন্ট এক্সপার্ট* | মৎস্য/ প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা/ সামুদ্রিক বিজ্ঞান অথবা সংশ্লিষ্ট কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। | উপকূলীয় ও সামুদ্রিক মৎস্য সম্পদের সহব্যবস্থাপনা, জলাভূমী ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা, সাম্প্রদায়িক সংহতি ও গ্রামীণ উন্নয়নে চাকরির (জাতীয় পর্যায়ের এক্সপার্ট এর ক্ষেত্রে ন্যূনতম ১৫ বছর এবং আঞ্চলিক পর্যায়ের এক্সপার্ট এর ক্ষেত্রে ন্যূনতম ১০ বছরের) অভিজ্ঞতা। | ০৪ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | *ফাইন্যান্সিয়াল স্পেশালিস্ট* | হিসাব বিজ্ঞান / অর্থ/ ব্যবসায় প্রশাসন অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।<br><br>*বয়স: সর্বোচ্চ ৪৮ বছর।* | অর্থ ব্যবস্থাপক পদে ন্যূনতম ১০ বছর চাকরির অভিজ্ঞতা। তন্মধ্যে গ্রামীণ উন্নয়ন/সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত/দারিদ্র দূরীকরণ কর্মসূচি/দাতা সংস্থা কর্তৃক পরিচালিত প্রকল্পে অর্থ ব্যবস্থাপনায় ৫ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। | ০১ |
| ৯ | *ক্লাস্টার ফ্যাসিলিটেটর* | সমাজ বিজ্ঞান অথবা যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী।<br><br>*বয়স: সর্বোচ্চ ৪০ বছর।* | সিডিডি এ্যাপ্রোচ এর মাধ্যমে গ্রাম পর্যায়ে দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠী চিহ্নিতকরণ, সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণদান ও দক্ষতা উন্নয়নসহ কর্মসংস্থান সৃষ্টিতে সরকারি/স্বায়ত্তশাসিত/ বেসরকারি সংস্থায় কমপক্ষে ৩ বছরের চাকরির বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | ১০ |
| ১০ | *ক্লাস্টার ফ্যাসিলিটেটর (টেকনিক্যাল)* | সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা ডিগ্রী।<br><br>*বয়স: সর্বোচ্চ ৪০ বছর।* | সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি সংস্থায় গ্রামীণ অবকাঠামো উন্নয়নে বিশেষত উন্নয়নমূলক প্রকল্পে কমপক্ষে ৩ বছরের বাস্তব চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। | ১৫ |
| ১১ | *ডাটা এন্ট্রি অপারেটর* | কম্পিউটার বিজ্ঞানে ব্যাচেলর অথবা ডিপ্লোমা ডিগ্রী।<br><br>*বয়স: সর্বোচ্চ ৪০ বছর।* | সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি কোন সংস্থায় ওয়েব বেইজড এমআইএস/সফটওয়্যারে ডাটা এন্ট্রির কাজে কমপক্ষে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | ১৫ |
| ১২ | *সাপোর্ট স্টাফ* | ন্যূনতম এসএসসি পাস।<br><br>*বয়স: সর্বোচ্চ ৩৫ বছর।* | সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি সংস্থায় চাকরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | ২৫ |

*অন্যান্য শর্তাবলী:*

১. আবেদনকারীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, জন্ম তারিখ, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, পদের নাম, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (CV)-সহ সকল সার্টিফিকেটের অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও সম্প্রতি তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।

২. *বিভিন্ন পদের* **TOR** *সহ বিস্তারিত তথ্য* জানার জন্য **www.sdfbd.org** - web-site *টি* visit করুন।

৩. অত্র বিজ্ঞপ্তির ২ও ৬ নং ক্রমিকে বর্ণিত পদে উল্লিখিত বয়সের ক্ষেত্রে অধিকতর যোগ্য ও দক্ষতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স বিবেচনা করা যেতে পারে।

৪. খামের উপরে পদের নাম উল্লেখ করে আগ্রহী প্রার্থীকে আগামী ২৫/০৬/২০২০ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র ***ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), ২২/২২ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭*** বরাবরে জমা প্রদান নিশ্চিত করতে হবে।

৫. বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬. এসডিএফ-এ কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারির আবেদন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রেরণ করতে হবে।

৭. প্রাথমিক বাছাই-এর পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের যথাযথ নিয়মানুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।

৮. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯. মহিলা প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।

১০. মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানদের ক্ষেত্রে প্রচলিত নিয়মানুযায়ী অগ্রাধিকার প্রদান করা হবে।

১১. কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা পরীক্ষা গ্রহণ করতে বাধ্য থাকবেন না।

১৩. বিগত ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখের দৈনিক "সমকাল" ও "ডেইলি সান" পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সব প্রার্থী আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। এক্ষেত্রে তাদের পূর্বের আবেদন পত্র বিবেচনা করা হবে।

*এ. জেড. এম. সাখাওয়াত হোসেন*
ব্যবস্থাপনা পরিচালক
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)
২২/২২ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।